ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৩৮ ● কলকাতা ● ০৮ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● শুক্রবার ● ২৩ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## বিজেপির সভাপতি সুকান্ত মজুমদারের স্ত্রী কোয়েল চৌধুরীর দুই জায়গায় ভোটার কার্ডে নাম আছে।



বেবি চক্রবর্তী: কলকাতা

বেশ কয়েক মাস ধরেই ভোটার কার্ড সংশোধনির কাজ চলেছে। এর মধ্যেই অভিযোগ রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদারের স্ত্রী কোয়েল চৌধুরীর দুই জায়গায় ভোটার কার্ডে নাম আছে। একটি রয়েছে বাপের বাড়ি জলপাইগুড়িতে। আর একটি রয়েছে শ্বশুরবাড়ি বালুরঘাটে।

এরপর ৩ পৃষ্ঠায়


## গুজরাটে মুখ্যমন্ত্রী বদল? কুরসিতে বসতে চলেছেন কেন্দ্রীয় মন্ত্রী!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**নয়াদিল্লি:** আবারও মুখ্যমন্ত্রী বদল হওয়ার সম্ভাবনা তৈরী হয়েছে গুজরাটে। অতীতে বিধানসভা ভোটের একবছরের আগে বিজয় রূপানিকে সরিয়ে দিয়ে ভূপেন্দ্র প্যাটেলকে মুখ্যমন্ত্রী পদে বসানো হয়েছিল। এবারে বিধানসভা ভোটের দু-বছরেরও বেশি সময় হাতে থাকতেই সেই কাজ সেরে ফেলতে চাইছে বিজেপি। সূত্রের খবর, ভূপেন্দ্র প্যাটেলকে সরিয়ে তাঁর জায়গাতে কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডব্যকে বসানো হতে পারে।গত এপ্রিল মাসে পহেলগাঁও জঙ্গি হামলার দু-দিন আগেই দিল্লিতে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলেন ভূপেন্দ্র। সেইসময়েই তিনি যে রাজ্যের মন্ত্রিসভার রদবদল নিয়ে মোদির সঙ্গে আলোচনা করেছিলেন সেকথা বিজেপির পক্ষ থেকেই জানা গিয়েছিল। সঙ্গে গুজরাট রাজ্য বিজেপি সভাপতি সি আর পাতিল কেন্দ্রীয় মন্ত্রী হওয়ার পরে সেই জায়গায় অন্য কাউকে আনার

এরপর ৩ পাতায়






# নিমেষে ধ্বংস করবে মিসাইল, কলকাতায় তৈরি হল নৌবাহিনীর নয়া অস্ত্র



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের সফল অভিযান 'অপারেশন সিঁদুরে'র পর সদ্য যুদ্ধবিরতি ঘোষণা করা হয়েছে। সেই পরিস্থিতির মধ্যেই সামনে এল এক নতুন অস্ত্র। কলকাতার 'গার্ডেনরিচ শিপ বিল্ডার্স' নিজস্ব প্রযুক্তিতে তৈরি করল মিসাইল ধ্বংস করার জন্য নেভাল সারফেস গান। মাঝ সমুদ্রে যুদ্ধজাহাজগুলি থেকে এই গান ব্যবহার করা যাবে।বর্তমানে বেশ কয়েকটি যুদ্ধজাহাজে এই অত্যাধুনিক এবং শক্তিশালী বন্দুক রয়েছে। কিন্তু নিজস্ব প্রযুক্তিতে তৈরি হওয়ায় এবার সবকটি যুদ্ধজাহাজে তা বসানো যাবে। ৭৬ মিলিমিটার এবং ১০০ মিলিমিটার ক্যালিবারের ক্ষমতাসম্পন্ন এই নাভাল সারফেস গান। প্রতি মিনিটে ২০০ থেকে ৫৫০ রাউন্ডগুলি ছুড়তে সক্ষম এটি।

শত্রুপক্ষের যে কোনও যুদ্ধজাহাজ বা উড়ে আসা মিসাইলকে কয়েক মিনিটের মধ্যে ধ্বংস করে দিতে সক্ষম এই শক্তিশালী বন্দুকগুলির গুলি। নৌবাহিনী এই জাহাজ বিধ্বংসী শক্তিশালী বন্দুক হাতে পেলে শক্তি অনেকটাই বাড়বে বলে মনে করছেন প্রতিরক্ষা বিশারদরা।ভারতীয় নৌসেনা নিজস্ব প্রযুক্তিতে এই নাভাল সারফেস গান বা শক্তিশালী বন্দুক তৈরি করেছে। গার্ডেনরিচ শিপ বিল্ডার্স বা জিআরএসই এই গান তৈরি করে এক নজির গড়েছে। এতদিন পর্যন্ত এই ধরনের বিধ্বংসী বন্দুক তৈরি করত রাশিয়ান সংস্থা। কিন্তু ভারত কখনওই এই ধরনের মিসাইল ধ্বংস করতে সক্ষম নাভাল সারফেস গান তৈরি করেনি। ভারতের মাটিতে এই অস্ত্র তৈরি হল এই প্রথমবার।

দু'টি বেসরকারি সংস্থার সঙ্গে যৌথভাবে জিআরএসই এই নাভাল সারফেস গান তৈরি করেছে। ইতিমধ্যেই সমুদ্রে ট্রায়াল সম্পন্ন হয়েছে। সাফল্যের সঙ্গে করা হয়েছে সেই ট্রায়াল।

নৌবাহিনী সূত্রে জানা গিয়েছে, বর্তমানে ভারত এবং পাকিস্তানের মধ্যে যে পরিস্থিতি তৈরি হয়েছে, সেই সময় ভারতীয় যুদ্ধজাহাজগুলির জন্য এই সারফেস গান হবে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## দেশজুড়ে ঋণ পাওয়ার সুবিধা দিতে পদ্ধতিগত সরলীকরণের জন্য আদিত্য বিড়লা ক্যাপিটাল লিমিটেডকে অংশীদার করল ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক

**নয়াদিল্লি, ২২ মে , ২০২৫**

ভারত সরকারের উদ্যোগ ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক (আইপিপিবি) এবং ভারতের সামনের সারির বহু রকমের আর্থিক পরিষেবা প্রদানকারী সংস্থা আদিত্য বিড়লা ক্যাপিটাল লিমিটেড (এবিসিএল) তাদের কৌশলগত অংশীদারিত্বের কথা ঘোষণা করেছে ভারত জুড়ে ঋণ পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে।

আদিত্য বিড়লা ক্যাপিটালের বিভিন্ন ধরনের ঋণ এবং আইপিপিবি-র বিশাল নেটওয়ার্ক এবং ডিজিটাল পরিকাঠামো মিলে দেশজোড়া আইপিপিবি গ্রাহকদের সহজে ঋণের সুবিধা দেওয়াই এর লক্ষ্য। এই অংশীদারিত্বের

এরপর ৪ পাতায়

# হিন্দুধর্মেও মোক্ষের ধারণা রয়েছে', ওয়াকফ মামলায় মন্তব্য প্রধান বিচারপতির

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




সংশোধিত ওয়াকফ আইন সংক্রান্ত মামলার শুনানিতে উঠে এল হিন্দুদের মোক্ষলাভের প্রসঙ্গও। প্রধান বিচারপতি মনে করালেন, 'হিন্দুধর্মে মোক্ষের ধারণা রয়েছে।' প্রসঙ্গত, প্রধান বিচারপতির এজলাসে এদিনই শেষ হল শুনানি। টানা তিনদিন ধরে সব পক্ষের বক্তব্য শোনার পর অন্তর্বর্তী রায়দান স্থগিত রেখেছে শীর্ষ আদালত।উল্লেখ্য, ওয়াকফ সংশোধনী আইন মুসলিম স্বার্থবিরোধী বলে অভিযোগ তুলে বড়সড় আন্দোলনের পথে হেঁটেছে সংখ্যালঘু সম্প্রদায়ের একটা বড় অংশ। দেশজুড়েই বিক্ষোভের আঁচ ছড়িয়ে পড়েছে। নয়া ওয়াকফ আইনের বিরোধিতার জল গড়িয়েছে সুপ্রিম কোর্টেও। ইসলামিক সংগঠন তো বটেই, বিভিন্ন রাজনৈতিক দলের তরফেও একগুচ্ছ মামলা দায়ের হয়েছে। সেই সব মামলারই যৌথ শুনানি চলল গত তিনদিন ধরে। অবশেষে এদিন সুপ্রিম কোর্ট জানিয়ে দিল রায়দান স্থগিত।এদিনের শুনানির সময় পিটিশনারদের আইনজীবী কপিল সিব্বল বলেন, "ওয়াকফ হল পরকালের জন্য ঈশ্বরের প্রতি উৎসর্গ। অন্যদের মতো নয়, ওয়াকফ হল ঈশ্বরের প্রতি দান। দান হয় এক সম্প্রদায়ের প্রতি, ওয়াকফ হল ঈশ্বরের প্রতি উৎসর্গ। এটি ভবিষ্যতের জন্য, আধ্যাত্মিক সুবিধার জন্য।" তখন প্রধান বিচারপতি বলেন, "এটা সব ধর্মেরই অভিন্ন অঙ্গ।" জবাবে সিব্বল বলেন, "কিন্তু এটা ঈশ্বরের জন্য দান নয়। একবার ওয়াকফ হয়ে গেলে সর্বদা ওয়াকফই থাকে।" এরপরই তাঁর দাবির প্রতিক্রিয়ায় প্রধান বিচারপতি বলেন, "হিন্দুধর্মেও মোক্ষের ধারণা রয়েছে।"

পরে সলিসিটার জেনারেল তুষার মেহতা বলেন, "ওয়াকফ ইসলামিক ধারণা। কিন্তু এটা ইসলামের অপরিহার্য অংশ নয়। ওয়াকফ আসলে ইসলামে দান ছাড়া কিছুই নয়। দেখা যাচ্ছে, দান প্রতিটি ধর্মেরই অংশ। এবং এটা খ্রিস্টান ধর্মেও রয়েছে। হিন্দুদেরও দানের পদ্ধতি রয়েছে। শিখদেরও আছে।"






(১ম পাতার পর)

# বিজেপির সভাপতি সুকান্ত মজুমদারের স্ত্রী কোয়েল চৌধুরীর দুই জায়গায় ভোটার কার্ডে নাম আছে

বাপের বাড়িতে কোয়েল চৌধুরী নাম থাকলেও বালুরঘাটে রয়েছে কোয়েল মজুমদার নামে ভোটার কার্ড। যা নিয়ে শুরু হয়েছে আলোচনা। ২০২১ সালে বিধানসভা নির্বাচনের আগে জলপাইগুড়ি থেকে বালুরঘাটে ভোটার কার্ড স্থানান্তরিত করেন কোয়েল চৌধুরী। অভিযোগ, নির্দিষ্ট নিয়ম মেনে ভোটার কার্ড স্থানান্তরিত করার পরও বাপের বাড়ি জলপাইগুড়ির ভোটার কার্ড থেকে কোয়েল চৌধুরীর নাম কাটা পড়েনি। প্রায় সপ্তাহখানেক আগেই বিষয়টি নজরে আসতেই নির্বাচন কমিশনে কোয়েল নিজে জলপাইগুড়িতে থাকা ভোটার কার্ডের নাম বাতিলের জন্য আবেদন করেছেন। এই প্রসঙ্গে সুকান্ত মজুমদার বলেন, "আমার স্ত্রী এক সময় জলপাইগুড়ির বাসিন্দা ছিলেন। তারপর ভোটার কার্ড চেঞ্জ করিয়েছেন। এখানে এসে ভোটার হয়েছেন। এটা একটা নন ইস্যু। ইস্যু করার চেষ্টা।"

এই প্রসঙ্গে তিনি আরও বলেন,"তাই আমি আগেই বিডিও-কে জানিয়েছি যাতে জলপাইগুড়ির নামটা কাটানো হয়। আর ভোটার কার্ড তৈরির কাজ কে কে করেন? জেলা প্রশাসন করেন। কারও নাম দু'জায়গায় থাকলে তার জন্য দায়ী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর নির্দেশে ডিএম-রা কাজ করেন। আমার নির্দেশে তো করেন না।

(১ম পাতার পর)

# গুজরাটে মুখ্যমন্ত্রী বদল? কুরসিতে বসতে চলেছেন কেন্দ্রীয় মন্ত্রী!

বিষয়েও কথা হয় সেই সময়েই। পাতিল নিজেই দলের কাছ থেকে দলীয় সভাপতির পদ থেকে অব্যাহতি চেয়েছিলেন। সেই সময়ে রদবদলের প্রক্রিয়ায় তাঁর আসনই যে টলমল হয়ে গিয়েছে তা আন্দাজ করতে পারেননি ভূপেন্দ্র, এমনটাই মনে করছেন রাজনৈতিক

বিশ্লেষকরা।গুজরাটের মুখ্যমন্ত্রী বাছাইয়ের ক্ষেত্রে প্যাটেল অঙ্ক মাথায় রেখেই চলতে চায় বিজেপি। কারণ সেখানকার প্যাটেলরা ক্ষমতা দখলের ক্ষেত্রে নির্ণায়ক ভূমিকা পালন করেন। মান্ডব্যও কড়বা প্যাটেল সম্প্রদায়ের। এছাড়াও ভূপেন্দ্রকে সরিয়ে নতুন মুখ আনার পিছনে অন্যতম কারণ বিধানসভা ভোটই। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিজের রাজ্যে ক্ষমতা ধরে রাখতে যে মরিয়া সেকথা বলার অপেক্ষা রাখে না। অথচ দীর্ঘদিন বিজেপি ক্ষমতায় থাকার পরে সেখানে সরকার বিরোধী হাওয়া রয়েছে। সঙ্গে গোদের উপর বিষফোঁড়া হয়ে উঠেছে ভূপেন্দ্রর ব্যক্তিগত ইমেজ। মানুষের সঙ্গে তাঁর যোগাযোগ অত্যন্ত কম বলে অভিযোগ উঠেছে দলের অন্দর থেকেই। বিজেপি সূত্রের খবর, গতবার যেভাবে রূপানিকে সরানোর সময়ে পুরো মন্ত্রিসভাতেই রদবদল করা হয়েছিল এবারেও সেই একই রাস্তায় বিজেপি হাঁটতে পারে, এমন সম্ভাবনা প্রবল। কারণ সেখানে তিন বছর আগে নতুন সরকার গঠন হওয়ার পর থেকে মন্ত্রিসভায় কোনো রদবদল হয়নি। আবার দলীয় স্তরের রদবদলও বাকি রয়েছে দীর্ঘদিন ধরেই।

# পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক বিশ্ব পরিবেশ দিবস ২০২৫(বুধবার, ২০২৫) পালন উপলক্ষে প্রচার শুরু করেছে

**নয়াদিল্লি, ২২ মে , ২০২৫**

২০২৫ সালে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক আজ দেশব্যাপী 'এক দেশ, এক মিশন : প্লাস্টিক দূষণ বন্ধ করুন' শীর্ষক এক অভিযান শুরু করেছে। ভারতের মিশন লাইফের সঙ্গে সামঞ্জস্য রেখে পরিবেশ সুরক্ষা ও স্থায়ীত্বের প্রতি ভারতের অটুট প্রতিশ্রুতির কথা তুলে ধরে।

কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী শ্রী ভূপেন্দ্র যাদব সামাজিক মাধ্যমে প্রাক- প্রচার ভিডিও আপলোড করে প্লাস্টিক দূষণ বন্ধ করার জন্য সকলকে সচেতনতার পাশাপাশি যথাযথ কাজ করার লক্ষ্যে এগিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছেন।

প্রতিবছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয়। মিশন লাইফের মূল ভাবনা একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক না বলুন। এবছর বিশ্ব পরিবেশ দিবস পালনে এই বার্তাটি আরও ব্যাপকভাবে প্রচার করা হবে।

এই অভিযানের প্রধান বিষয়গুলি হল - প্লাস্টিক দূষণের বিষয়ে সচেতনতা বাড়ানো। একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক সহ বিভিন্ন প্লাস্টিকের উৎপাদন ও ব্যবহার কম করা, প্লাস্টিক বর্জ্য পৃথকীকরণ করা এবং প্লাস্টিকের পরিবর্তে বিকল্প ব্যবহারে উৎসাহিত করা।

বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ পর্যন্ত চলা এই অভিযানে প্লাস্টিক দূষণ সম্পর্কে সচেতনতা বাড়ানো ও পরিবেশ উপযোগী বিকল্প গ্রহণে উৎসাহিত করা হবে।

এই অভিযানে কেন্দ্রীয় মন্ত্রক রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলি বিভিন্ন কর্মসূচি গ্রহণ করবে। মন্ত্রকের তরফে সব নাগরিককে এই অভিযানে অংশ নিয়ে প্লাস্টিক দূষণ সমাপ্ত করতে এগিয়ে আসার আহ্বান জানানো হয়েছে।

# প্রধানমন্ত্রী নতুন দিল্লিতে ২৩ মে রাইজিং নর্থ ইস্ট ইনভেস্টর্স সামিটের উদ্বোধন করবেন

**নয়াদিল্লি, ২২ মে , ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২৩ মে নতুন দিল্লির ভারত মন্ডপমে রাইজিং নর্থ ইস্ট ইনভেস্টর্স সামিটের উদ্বোধন করবেন। উত্তর - পূর্বাঞ্চলকে সম্ভাবনার এক অঞ্চল বলে তুলে ধরা, দেশ বিদেশের বিনিয়োগকারীদের এই অঞ্চল সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা এবং বিনিয়োগকারী ও নীতি প্রণয়নকারীদের একটি অভিন্ন মঞ্চে মত বিনিময়ের সুযোগ তৈরি করাই শীর্ষ সম্মেলনের মূল লক্ষ্য।

উত্তর-পূর্বাঞ্চলের জন্য দু'দিনের এই শীর্ষ সম্মেলনে বেশ কিছু পথ সভা করা হবে। কেন্দ্রীয় সরকারের উদ্যোগে, উত্তর – পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের সহযোগিতায় রাষ্ট্রদূত এবং বণিক সংগঠনগুলির মধ্যে কয়েকটি বৈঠকের আয়োজন করা হয়েছে। এছাড়াও এই শীর্ষ সম্মেলনে মন্ত্রী পর্যায়ের বৈঠক, ব্যবসায়িক সংগঠনগুলি ও সরকারের মধ্যে আলাপ আলোচনা এবং বিভিন্ন বাণিজ্যিক সংগঠনের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট রাজ্যগুলিতে বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে কি কি নীতি গ্রহণ করা হয়েছে এবং ওই রাজ্যগুলির নতুন নতুন স্টার্টআপ সম্পর্কে প্রয়োজনীয় তথ্যও এই সম্মেলনে তুলে ধরা হবে।

শীর্ষ সম্মেলনে পর্যটন, আতিথেয়তা, খাদ্য প্রক্রিয়াকরণ ও অনুসারী শিল্প বস্ত্র, হস্তশিল্প, স্বাস্থ্য, শিক্ষা, দক্ষতা বিকাশ, তথ্য প্রযুক্তি, পরিকাঠামো, পণ্য পরিবহন, বিদ্যুৎ, বিনোদন এবং খেলাধূলা সহ বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য বিনিয়োগকারীদের কাছে উপস্থাপিত করা হবে।

## সম্পাদকীয়

### অপারেশন সিঁদুর'-এর সময়ে গোয়েন্দাদের রাতের ঘুম কেড়ে নেওয়া কুখ্যাত সাইবার সন্ত্রাসী পাকড়াও

'অপারেশন সিঁদুর'-এর সময়ে গোয়েন্দাদের রাতের ঘুম কেড়ে নিয়েছিল এক সন্ত্রাসী। নাম তার জসিম শাহনওয়াজ আনসারি। সে হ্যাক করার চেষ্টা করেছিল একের পর এক গুরুত্বপূর্ণ ভারতীয় সাইট, মেল। মাত্র আঠেরোতেই হাত পাকিয়েছিল এই কাজে। ভারতের ৫০টিরও বেশি সরকারি ওয়েবসাইটে হামলা চালিয়েছিল জসিম।এটিএস এখন জানার চেষ্টা করছে যে জসিম শাহনওয়াজ আনসারিরা একাই এই কাজ করছিল নাকি বিদেশী হ্যান্ডলাররা তাদের সাইবার নাশকতার জন্য উৎসাহিত করেছিল। ইতিমধ্যে আনসারি ও তার দলের বিরুদ্ধে সাইবার সন্ত্রাস সম্পর্কিত আইনের অধীনে এফআইআর দায়ের করা হয়েছে।অবশেষে এটিএসের জালে ধরা পড়ল এই সাইবার অপরাধী। গুজরাত অ্যান্টিটেরোরিস্ট স্কোয়াড (ATS) জসিম শাহনওয়াজ আনসারিকে গ্রেফতার করেছে।

চলতি মাসের ৭ মে ভারত অপারেশন সিঁদুর অভিযান চালানোর পর থেকে জসিম জান প্রাণ লড়িয়ে একের পর এক সরকারি সাইটে সাইবার হামলা চালায়। এটিএস আধিকারিকদের মতে, আনসারি অন্যান্য কিশোরদের সঙ্গে মিলে AnonSec নামে একটি টেলিগ্রাম গ্রুপ তৈরি করেছিল। সেখানে তারা GitHub এবং Termux এর মতো প্ল্যাটফর্ম থেকে প্রাপ্ত ফ্রি টুলস ব্যবহার করে ডিস্ট্রিবিউটেড ডিনায়াল অফ সার্ভিস (DDoS) আক্রমণ সমন্বয় করত।

তাদের গ্রুপের লক্ষ্যবস্তুতে ছিল মূলত ভারতের প্রতিরক্ষা, বিমান চলাচল, অর্থ এবং নগর উন্নয়ন খাতের গুরুত্বপূর্ণ সরকারি ক্ষেত্রগুলি। বেশ কয়েকটি ক্ষেত্রে দেখা গিয়েছে এই কিশোরেরা কিছু সাইটে লিখত "ভারত হয়তো এটি শুরু করেছে, কিন্তু আমরাই এটি শেষ করব"-এর মতো দেশবিরোধী কথা।

তদন্তকারীরা জানিয়েছেন যে এই দলটি পাইথন প্রোগ্রামিং শেখা এবং আক্রমণ চালানোর জন্য ইউটিউব টিউটোরিয়াল ও ওপেন-সোর্স সফটওয়্যার ব্যবহার করেছিল। আনসারির বিরুদ্ধে অভিযোগ, ডিজিটাল ট্র্যাফিকের মাধ্যমে সরকারি সার্ভারগুলিকে নষ্ট করে দেওয়ার জন্য পাইড্রয়েডের মতো সরঞ্জাম ব্যবহার করেছিল সে। এটিএসের দাবি, দলটি checkhost.net এর মতো প্ল্যাটফর্ম ব্যবহার করে তাদের আক্রমণের সাফল্য যাচাই করতে শিখেছিল। তারপরে অনলাইন চ্যাট গ্রুপগুলিতে নিজেদের কৃতিত্ব সম্পর্কে বড়াই করেছিল।

## টেন্ডার


**TENDER NOTICE**

Tender is invited though online Bid System vide **NIeT No. : 02/Rampara-IGP/2025-26 & 03/Rampara-IGP/2025-26** for executing different Civil works by the Prodhan Rampara-I Gram Panchayat. Last date of Application **02-06-2025 up to 12.00 noon**. Interested contractors please visit **http://wbtender.gov.in** for more details.

**Sd/-, Prodhan**
**Rampara-I Gram Panchayet**
**Rampara, Murshidabad**


# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



**মৃত্যুঞ্জয় সরদার**
**(পয়ত্রিশতম পর্ব)**



করেছেন এবং যারা গুরুভক্তিপরায়ণা, যারা পতিবাক্য কখনও অবহেলা করেন না এবং পতির ভোজনের পর যা অবশিষ্ট থাকে তা ভোজন করেন, যারা পরিতুষ্টা, বীর্যশালিনী, প্রিয়বাদিনী, সৌভাগ্যবতী, সুশোভনা, লাবণ্যযুক্তা এবং প্রিয়দর্শিনী এরকম পতিব্রতা রমণীর মধ্যেই আমি বাস করি।লক্ষ্মী দেবীর বাহনলক্ষ্মী দেবীর বাহন পেঁচা কেন? পেঁচা লক্ষ্মী দেবীর সম্পূর্ণ বিপরীত ধর্ম ধারণ করে। পেঁচা কুৎসিত ও দিবান্ধ। যারা সারা জীবন শুধু ধনলাভের চিন্তায় মগ্ন থাকে, তারা ঐ পেঁচার মতই অন্ধ হয়ে যায়। তাই জ্ঞানের

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

# দেশজুড়ে ঋণ পাওয়ার সুবিধা দিতে পদ্ধতিগত সরলীকরণের জন্য আদিত্য বিড়লা ক্যাপিটাল লিমিটেডকে অংশীদার করল ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক

মাধ্যমে আইপিপিবি তার বর্তমান গ্রাহকদের আদিত্য বিড়লা ক্যাপিটালের ব্যক্তিগত ঋণ, ব্যবসায়িক ঋণ এবং সম্পত্তির বিনিময়ে ঋণ ইত্যাদি বিভিন্ন ধরনের ঋণের সম্পর্কে অবহিত করবে।

আইপিপিবি গ্রাহকরা আদিত্য বিড়লা ক্যাপিটালের অত্যাধুনিক ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে ঋণের সুবিধা নিতে পারবেন। দ্রুত অনুমোদন পাওয়া যাবে, খুব কম নথিপত্র লাগবে এবং নির্ঝঞ্ঝাটে ঋণের অর্থ পাওয়া যাবে। সারা দেশের গ্রাহকদের বিভিন্ন ধরনের চাহিদা মেটাতে এআই এবং ডেটা অ্যানালেটিক্স সাহায্য করবে।

এই সংযুক্তি আর্থিক সুযোগ সুবিধা ব্যবস্থা জোরদার করা এবং সাধারণ নাগরিককে আর্থিকভাবে সক্ষম করে তুলতে আইপিপিবি-র এবং আদিত্য বিড়লা ক্যাপিটালের দায়বদ্ধতার প্রমাণ। আইপিপিবি কোনও ঝুঁকি ব্যতীত এবিসিএল-কে তার গ্রাহকদের সম্পর্কে জানাবে। ঋণ অনুমোদন করার বিষয়টি নিয়ে সিদ্ধান্ত নেবে একমাত্র এবিসিএল-ই।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

সেই কক্ষের দেয়ালে নরনারায়ণ, অন্যান্য দেবদেবী এবং তৎসম্পর্কিত শিলালেখ খোদিত আছে। মাঝের কক্ষটিই মূল গর্ভগৃহে নিয়ে যায়। সেটি গুহার আকৃতিবিশিষ্ট। সেখানে কোনো মূর্তি নেই। শুধু যোনি আকৃতিবিশিষ্ট পাথর এবং ভূগর্ভস্থ প্রস্রবনটি আছে।

**ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# জাতীয় নিরাপত্তা বিষয়ক বিশেষ শিক্ষামূলক ও গবেষণামূলক উদ্যোগ জনগণকে অবগত করতে শহরের সংবাদমাধ্যমের সঙ্গে আলোচনায় রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয়ের পাসিঘাট ক্যাম্পাস

**কলকাতা, ২২ মে, ২০২৫**




কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের "জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান" রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয় (আরআরইউ) কতৃপক্ষ আজ কলকাতা প্রেস ক্লাবে সংবাদমাধ্যমের সদস্যদের সামনে আলোচনায় বসেন। এর মূল উদ্দেশ্য অভ্যন্তরীণ নিরাপত্তা বিষয়ক শিক্ষাব্যবস্থার কথা জানানো এবং জাতীয় প্রতিরক্ষা সম্পর্কিত শিক্ষার প্রসারের কৌশলগত রূপরেখা তুলে ধরা, বিশেষ করে অরুণাচল প্রদেশের পাসিঘাট ক্যাম্পাসকে কেন্দ্র করে।

এই আলোচনায় বক্তব্য রাখেন পাসিঘাট ক্যাম্পাসের ডিরেক্টর ইন-চার্জ শ্রী অবিনাশ খারেল এবং পুলিশ প্রশাসন বিষয়ক পাঠক্রমের অধ্যাপিকা ও গবেষণা আধিকারিক শ্রীমতী ঋদ্ধি ব্যানার্জি। ভিডিও-কনফারেন্সিং-এর মাধ্যমে যুক্ত হন বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস-চ্যান্সেলর ড. কলপেশ এইচ. ওয়ান্দ্রা।

বক্তারা বিশ্ববিদ্যালয়টির একটি আদর্শ বহুবিষয়ক শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণের কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাখ্যা করেন, যার মূল ক্ষেত্রগুলি হল পুলিশ-ব্যবস্থা, ফরেনসিক বিজ্ঞান, সাইবার ক্রাইম তদন্ত, অভ্যন্তরীণ নিরাপত্তা এবং সংযুক্ত শাখাসমূহ।

আলোচনায় জানানো হয়, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয়ে শুরু হতে চলেছে একাধিক জাতীয় নিরাপত্তা-কেন্দ্রিক পাঠক্রম—যার মধ্যে স্নাতক, স্নাতকোত্তর, ডিপ্লোমা, পিজি ডিপ্লোমা ও পিএইচডি অন্তর্ভুক্ত। বিষয়গুলির মধ্যে সাইবার সিকিউরিটি, ফরেনসিক সায়েন্স, পুলিশ শাসণ, কৃত্রিম বুদ্ধিমত্তা ইত্যাদি উল্লেখযোগ্য। এই পাঠক্রমগুলির উদ্দেশ্য দক্ষ পেশাদার গড়ে তোলা যারা বর্তমান ও ভবিষ্যতের নিরাপত্তায় বিঘ্ন মোকাবিলায় পারদর্শী।

বিশ্ববিদ্যালয়টি ইতিমধ্যেই সারা দেশে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে ৪২৫টিরও বেশি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ২১,০০০-রও বেশি পেশাদারকে প্রশিক্ষিত করেছে। এই ক্ষেত্রগুলিতে দক্ষ ব্যক্তিরা শুধুমাত্র প্রতিরক্ষা ও আইনশৃঙ্খলা ব্যবস্থায় নয়, বেসরকারি নিরাপত্তাভিত্তিক স্টার্টআপ এবং ইনকিউবেশন কেন্দ্রগুলির জন্যও অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠবেন।

আলোচনায় শ্রীমতী ঋদ্ধি ব্যানার্জি পশ্চিমবঙ্গের অপরাধ পরিসংখ্যানের প্রেক্ষিতে ফরেনসিক প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদারদের অপরাধ প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করেন। তাঁর মতে, পশ্চিমবঙ্গে অপরাধ প্রবণতার নিরিখে স্পষ্ট যে ফরেনসিক প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের উপস্থিতি একটি কার্যকর প্রতিরোধক শক্তি হিসেবে কাজ করতে পারে। পাসিঘাট ক্যাম্পাস পশ্চিমবঙ্গের কাছাকাছি হওয়ায় জাতীয় নিরাপত্তা নিয়ে পড়াশোনার জন্য আগ্রহী ছাত্রছাত্রীদের কাছে এটি শ্রেষ্ঠ বিকল্প। তিনি আরও জানান, সেখানে একটি অত্যাধুনিক ড্রাগ ল্যাবরেটরি শীঘ্রই শুরু হতে চলেছে।

ড. ওয়ান্দ্রা জানান, বর্তমানে রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয়ে পশ্চিমবঙ্গের ৩৫ জন ছাত্রছাত্রী পড়ছেন, যাঁদের মধ্যে ৭ জন গান্ধীনগর ক্যাম্পাসে রয়েছেন। তিনি আরও বলেন, সম্প্রতি পশ্চিমবঙ্গ পুলিশ (কারাগার বিভাগ)-এর ডিআইজি স্তরের আধিকারিকরা বিশ্ববিদ্যালয়ের আলোচনায় অংশগ্রহণ করেছেন, যা রাজ্য আইন সংস্থার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সহযোগিতার পরিচায়ক।

এই আলোচনায় রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা প্রচার এবং আধুনিক নিরাপত্তা ব্যবস্থার সামনে প্রতিবন্ধকতা ও বৈজ্ঞানিক প্রতিরোধমূলক ব্যবস্থা সম্পর্কে আঞ্চলিক সচেতনতা বৃদ্ধির প্রতিশ্রুতি পুনরায় তুলে ধরা হয়।

শ্রী খারেল জানান, জাতীয় নিরাপত্তা ও সুরক্ষার লক্ষ্যে তরুণ প্রজন্মকে দক্ষতার সাথে গড়ে তোলা বিশ্ববিদ্যালয়ের প্রধান উদ্দেশ্য।

আলোচনাটি সংবাদমাধ্যমকে দেশের নিরাপত্তা শিক্ষাব্যবস্থার আধুনিক ও নীতিনির্ধারক স্তরের সঙ্গে শিক্ষায়তনের সংযোগ বৃদ্ধির গুরুত্ব তুলে ধরার আবেদন জানিয়ে শেষ হয়।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# এবার আর্থিক করিডর আফগানিস্তান !
# হতে চলেছে এক চিন - পাকিস্তান - আফগানিস্তান

**বেবি চক্রবর্তী: দিল্লী**

চিন-পাকিস্তান আর্থিক করিডর এবার আফগানিস্তানে। আপত্তি ছিল ভারতের। তৎসত্ত্বেও আফগানিস্তান তাতে সম্মত হয়েছে। সম্প্রতি চিন সফরে গিয়েছিলেন তালিবান বিদেশমন্ত্রী আমির খান মুত্তাকি। সেখানে চিনা বিদেশমন্ত্রী ওয়াং ই এবং পাক বিদেশমন্ত্রী ইশাক দারের সঙ্গে বৈঠকে বসেন। তারপরেই জানা গিয়েছে, আফগানিস্তানেও CPECকে পৌঁছে দিতে রাজি হয়েছেন তালিবান বিদেশমন্ত্রী।




অপারেশন সিঁদুরের পর প্রথম বিদেশ সফরেই চিনে গিয়েছেন পাকিস্তানের বিদেশমন্ত্রী। সোমবার চিনে পৌঁছেই চিনা বিদেশমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন ইশাক দার। পরের দিন অর্থাৎ মঙ্গলবার চিনে পৌঁছন আফগানিস্তানের কার্যকরী বিদেশমন্ত্রী।

সেই বৈঠকের পরদিন অর্থাৎ ওইদিন ত্রিপাক্ষিক বৈঠক হয় বেজিংয়ে। সুরক্ষাক্ষেত্রে তিন দেশের সহযোগিতা এবং ভারত-পাক সংঘাতের আবহে বাণিজ্য চালিয়ে যাওয়া নিয়ে ওই বৈঠকে আলোচনা হবে বলে প্রাথমিকভাবে জানা গিয়েছিল।

বুধবার পাক বিদেশমন্ত্রক থেকে একটি বিবৃতি জারি করা হয়। সেখানে বলা হয়, আঞ্চলিক সুরক্ষা, স্থিতাবস্থা এবং উন্নয়নের লক্ষ্যে একজোট থাকবে চিন, পাকিস্তান এবং আফগানিস্তান। কূটনৈতিক সম্পর্কের উন্নতি এবং যোগাযোগ আরও দৃঢ় করে বাণিজ্য এবং উন্নয়নের বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে। চিনের বেল্ট অ্যান্ড রোড প্রকল্পকে আরও শক্তিশালী করে তুলতে চিন-পাকিস্তান আর্থিক করিডর পৌঁছে যাবে আফগানিস্তানেও।

## ভারতের অধিকারভুক্ত নদীর জল পাবে না পাকিস্তান, মোদির ঘোষণা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের অধিকারভুক্ত নদীগুলোর জল পাকিস্তান আর পাবে না বলে ঘোষণা দিলেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

বৃহস্পতিবার রাজস্থানের এক জনসভায় তিনি এই ঘোষণা দেন।

কাশ্মীরের পেহেলগাঁওয়ে পর্যটকদের ওপর হামলার পর পাকিস্তানের সঙ্গে করা সিন্ধু জল চুক্তি থেকে সরে আসে ভারত। এই চুক্তির অধীনেই পাকিস্তানে জল দেওয়া হতো।

১৯৬০ সালে বিশ্বব্যাংকের মধ্যস্থতায় সই হওয়া সিন্ধু জল চুক্তি পাকিস্তানের কৃষি ব্যবস্থার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ দেশটির কৃষিজমির ৮০ শতাংশই ভারতের দিক থেকে আসা তিনটি নদীর জলের ওপর নির্ভরশীল। তবে পাকিস্তানের অর্থমন্ত্রী সম্প্রতি জানিয়েছেন, চুক্তি স্থগিতে তাৎক্ষণিক কোনও প্রভাব পড়বে না।

এপ্রিলের ওই হামলায় ২৬ জন নিহত হয়, যাদের বেশিরভাগই হিন্দু পর্যটক ছিলেন। ভারত এই হামলার জন্য পাকিস্তান-সমর্থিত গোষ্ঠীকে দায়ী করে। যদিও ইসলামাবাদ সে অভিযোগ প্রত্যাখ্যান করে।

এরপর দুই পরমাণু শক্তিধর দেশের মধ্যে ৩০ বছরের মধ্যে সবচেয়ে তীব্র সামরিক উত্তেজনা দেখা দেয়, যা শেষ পর্যন্ত ১০ মে একটি যুদ্ধবিরতির মাধ্যমে প্রশমিত হয়।

রাজস্থানে দেওয়া বক্তব্যে মোদী বলেন, প্রতিটি হামলার জন্য পাকিস্তানকে বড় মূল্য দিতে হবে, তার সেনাবাহিনীকে দিতে হবে, তার অর্থনীতিকে দিতে হবে।

## পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ (বুধবার, ২০২৫) পালন উপলক্ষে প্রচার শুরু করেছে

**নয়াদিল্লি, ২২ মে , ২০২৫**

২০২৫ সালে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক আজ দেশব্যাপী ‘এক দেশ, এক মিশন : প্লাস্টিক দূষণ বন্ধ করুন’ শীর্ষক এক অভিযান শুরু করেছে। ভারতের মিশন লাইফের সঙ্গে সামঞ্জস্য রেখে পরিবেশ সুরক্ষা ও স্থায়ীত্বের প্রতি ভারতের অটুট প্রতিশ্রুতির কথা তুলে ধরে।

কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী শ্রী ভূপেন্দ্র যাদব সামাজিক মাধ্যমে প্রাক- প্রচার ভিডিও আপলোড করে প্লাস্টিক দূষণ বন্ধ করার জন্য সকলকে সচেতনতার পাশাপাশি যথাযথ কাজ করার লক্ষ্যে এগিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছেন।

প্রতিবছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয়। মিশন লাইফের মূল ভাবনা একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক না বলুন। এবছর বিশ্ব পরিবেশ দিবস পালনে এই বার্তাটি আরও ব্যাপকভাবে প্রচার করা হবে।

এই অভিযানের প্রধান বিষয়গুলি হল - প্লাস্টিক দূষণের বিষয়ে সচেতনতা বাড়ানো। একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক সহ বিভিন্ন প্লাস্টিকের উৎপাদন ও ব্যবহার কম করা, প্লাস্টিক বর্জ্য পৃথকীকরণ করা এবং প্লাস্টিকের পরিবর্তে বিকল্প ব্যবহারে উৎসাহিত করা।

বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ পর্যন্ত চলা এই অভিযানে প্লাস্টিক দূষণ সম্পর্কে সচেতনতা বাড়ানো ও পরিবেশ উপযোগী বিকল্প গ্রহণে উৎসাহিত করা হবে।

এই অভিযানে কেন্দ্রীয় মন্ত্রক রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলি বিভিন্ন কর্মসূচি গ্রহণ করবে। মন্ত্রকের তরফে সব নাগরিককে এই অভিযানে অংশ নিয়ে প্লাস্টিক দূষণ সমাপ্ত করতে এগিয়ে আসার আহ্বান জানানো হয়েছে।

# সিনেমার খবর

## বিয়ে না করার পেছনে 'হাস্যকর' এক কারণ জানালেন সালমান

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



জীবনের ৫৯টি বসন্ত পার করে ফেললেও এখনো বিয়ে করেননি সালমান খান। তার সমবয়সী সহকর্মীদের অনেকেই এতদিনে নাতি-নাতনি মানুষ করছেন। অথচ এখনো বিয়ের পিঁড়িতে বসা হলো না সালমানের। বিয়ে না করার কারণ হিসেবে কেউ কেউ মনে করেন প্রেমের ব্যর্থতা কেউ আবার মনে করেন অভিনেতার দুই ভাইয়ের সাংসারিক জীবনের ব্যর্থতা।

তবে বিয়ে না করার আসল কারণ কী, তা বছরখানেক আগেই প্রকাশ্যে এনেছিলেন বলিউড ভাইজান। ২০১৮ সালের গ্লোবাল সামিটে উপস্থিত হয়ে বিয়ে নিয়ে করা প্রশ্নের উত্তরে অভিনেতা যা বলেছিলেন, তা রীতিমতো হাস্যকর।

বিয়ে প্রসঙ্গে প্রশ্ন উঠতে সালমান খান বলেন, আমার কাছে এত টাকা কই? আমার বাবার যখন বিয়ে হয়েছিল, তখন মাত্র ১৮০ টাকা খরচ হয়েছিল। কিন্তু এখন বিয়ে মানেই একটি বড় অনুষ্ঠান। কোটি কোটি টাকা ব্যয় হয় এই বিয়ের জন্য। এত টাকা খরচ করার ক্ষমতা আমার নেই, শুধুমাত্র এই কারণেই আমি অবিবাহিত থেকে গেছি।

তিনি মজা করে বলেন, আমি তো সুরজ বরজাতিয়াকে বারবার বলেছিলাম বিয়েকে এত বড় করে না দেখাতে সিনেমার মধ্যে। ম্যানে পেয়ার কিয়া, হাম সাথ সাথ হ্যায় সিনেমায় বিয়ে নিয়ে যা দেখানো হয়েছিল, তারপরেই বিয়ে মানুষের কাছে একটি বড় অনুষ্ঠানে পরিণত হয়।

প্রসঙ্গত, ঐশ্বরিয়া রাই বচ্চন, ক্যাটরিনা কাইফসহ একাধিক নারীর সঙ্গে প্রেমের সম্পর্কে ছিলেন সালমান। দুর্ভাগ্যবশত কোনো সম্পর্কই বেশিদিন টেকেনি। বর্তমানে রোমানিয়ান অভিনেত্রী তথা টিভি উপস্থাপিকা ইউলিয়া ভান্তুরের সঙ্গে ভাইজানের সম্পর্ক রয়েছে বলে শোনা যাচ্ছে। তবে এই সম্পর্ক আদৌ পরিণতি পাবে কিনা, সেটা নিয়ে দ্বন্দ্ব রয়েই গেছে।

## নতুন ছবিতে একসাথে আমির-হিরানি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বলিউড অভিনেতা আমির খান এবং রাজকুমার হিরানির জুটি 'থ্রি ইডিয়টস' থেকে 'পিকে' তে দর্শকদের মন মাতিয়েছেন। ২009 সালে মুক্তি পায় 'থ্রি ইডিয়টস' এবং ব্লকবাস্টারও হয়। পাঁচ বছর পর এই জুটি আবারও 'পিকে'র মতো সুপারহিট সিনেমা উপহার দিয়েছে দর্শককে।

তারপর থেকে ভক্তরা আমির খান এবং হিরানির পরবর্তী ছবির জন্য অপেক্ষায়। এবার হয়তো বা সেই স্বপ্ন পূরণের পথে। ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়, রাজকুমার হিরানি ছবিটির জন্য তিনটি বিষয় নিয়ে ইতোমধ্যেই ভাবনাচিন্তা করেছেন।

প্রতিবেদনে আরও বলা হয়, হিরানি নাকি আমির খানের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনাও করেছেন। আমিরেরও গল্প পছন্দ হয়েছে। রাজকুমার হিরানি এবং আমির দু'জনেই নীতিগত ভাবে ছবিটির বিষয়ে একমত হয়েছেন। ২০২৬ সালে ছবিটির শুটিং শুরু করার কথা ছিল।

আমির-রাজকুমার জুটির ছবির নাম এখনও ঠিক না হলেও, শিগগিরই মুক্তি পেতে চলেছে আমির অভিনীত 'সিতারে জমিন পর' সিনেমাটি। যেখানে কমেডির ছোঁয়াও থাকবে। বর্তমানে রাজকুমার হিরানি তার ওয়েব সিরিজের কাজ শেষ করতে ব্যস্ত এরপরেই আমিরের সঙ্গে নতুন ছবির কাজ শুরু হবে ২০২৬ সালে। আগামী ২০ জুন মুক্তি পাবে 'সিতার জমিন পর'।

## ইন্ডাস্ট্রিতে টিকে থাকতে সাইফপুত্র ইব্রাহিমকে প্রিয়াঙ্কার পরামর্শ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

সম্প্রতি বলিউডে নতুন মুখ হিসেবে আত্মপ্রকাশ করেছেন সাইফ আলি খান ও অমৃতা সিংয়ের পুত্র ইব্রাহিম আলি খান। তারকা-সন্তানদের অভিষেক সবসময়ই থাকে আলোচনার কেন্দ্রবিন্দুতে, আর ইব্রাহিমও তার ব্যতিক্রম নন। 'নাদানিয়ান' নামে তাঁর প্রথম ছবি মুক্তির পর থেকে শুরু হয়েছে নানা আলোচনা-সমালোচনা।

সম্প্রতি এক সাক্ষাৎকারে ইব্রাহিমকে অভিনয়জগৎ নিয়ে সোজাসাপ্টা পরামর্শ দিয়েছেন বলিউড অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া জোনাস।

ইব্রাহিমকে উদ্দেশ করে প্রিয়াঙ্কা বলেন, 'নিজেকে কঠিন করতে শেখো।' তাঁর মতে, বলিউডের মতো প্রতিযোগিতামূলক এবং সমালোচনায় ভরা ইন্ডাস্ট্রিতে টিকে থাকতে হলে শুধু প্রতিভা বা অভিনয় দক্ষতাই নয়, দরকার মানসিক দৃঢ়তা এবং সমালোচনা সহ্য করার ক্ষমতাও।

প্রিয়াঙ্কা আরও বলেন, 'নতুনদের জন্য এটি সবচেয়ে কঠিন সময়। কারণ, প্রতিনিয়ত সামাজিক যোগাযোগমাধ্যমে তুলনা, ট্রল আর নেতিবাচক মন্তব্যের মুখোমুখি হতে হয়। যদি কেউ নিজের কাজে দৃঢ় থাকে এবং আত্মবিশ্বাস না হারায়, তাহলে একসময় নিজস্ব পরিচয় তৈরি করা সম্ভব।'

ইব্রাহিমের অভিষেক চলচ্চিত্র নিয়ে দর্শক-সমালোচকদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা গেলেও, প্রিয়াঙ্কার মতো একজন অভিজ্ঞ অভিনেত্রীর পরামর্শ তরুণ প্রজন্মের জন্য হতে পারে দিকনির্দেশনা এবং অনুপ্রেরণার উৎস।

বলিউডে নিজের নতুন যাত্রাপথে ইব্রাহিমের জন্য এটি যেন বাস্তবতার এক প্রথম পাঠ– যেখানে প্রশংসার পাশাপাশি মোকাবিলা করতে হবে সমালোচনার, আর সময়ই বলে দেবে তিনি কতটা সফলভাবে তা সামাল দিতে পারেন।

# ম্যাক্সওয়েলকে নিয়ে মন্তব্য, জবাবে যা বললেন প্রীতি জিনতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




এবার আইপিএলের নিলামে চার কোটি ২০ লাখ ভারতীয় রুপিতে গ্লেন ম্যাক্সওয়েলকে কিনেছিল পাঞ্জাব কিংস। কিন্তু ভালো খেলতে পারেননি তিনি। বাধ্য হয়ে ম্যাক্সওয়েলকে দল থেকেই বাদ দিতে হয় তাদের। কিন্তু ম্যাক্সওয়েল খারাপ খেলায় কয়েকজন প্রীতি জিনতাকে দায়ী করেছেন। এবার তাদের পাল্টা জবাব দিয়েছেন পাঞ্জাবের মালিক।
সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে একজন লিখেছেন, ‘ম্যাম ম্যাক্সওয়েলের সঙ্গে আপনার বিয়ে হয়নি বলেই কি সে আপনার দলের হয়ে ভালো খেলছে না?’ পরে এই মন্তব্য আরো অনেকে শেয়ার করেন। মজা করার জন্যই হয়তো এই পোস্ট করেছেন তারা। কিন্তু প্রীতি ভালোভাবে নেননি সেটা।
তিনি এর পাল্টা জবাব দিয়েছেন। জবাবে প্রীতি লিখেছেন, ‘আপনি কি বিভিন্ন দলের পুরুষ মালিকদেরও এই প্রশ্ন করেন? নাকি এটা শুধুই নারীদের জন্য? ক্রিকেটে আসার আগে আমি জানতাম না করপোরেট মাধ্যমে নারীদের কাজ করা কতটা কঠিন। আমি নিশ্চিত, আপনি হয়তো মজা করেই এই প্রশ্ন করেছেন। কিন্তু আমি আপনাকে বলব, নিজের প্রশ্ন ভালো করে বোঝার চেষ্টা করুন। কারণ এই কথাটা ভালো নয়। আমার মনে হয়, ১৮ বছর ধরে আইপিএলে এত পরিশ্রম করে আমি কিছুটা হলেও সম্মান অর্জন করেছি। সেই সম্মান নষ্ট করবেন না। লিঙ্গভেদ করবেন না।’
ম্যাক্সওয়েলের সঙ্গে পাঞ্জাবের সম্পর্ক বেশ পুরনো। ২০১৪ সালে শেষ যেবার পাঞ্জাব প্লে-অফ তথা ফাইনালে উঠেছিল, সেবার ম্যাক্সওয়েল এই দলেই খেলতেন। প্রীতির দলের হয়ে মোট ৭২টি ম্যাচ খেলেছেন ম্যাক্সওয়েল। ১৩৪২ রান করেছেন তিনি। নিয়েছেন ১৭টি উইকেট।

## টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের স্কোয়াড দিল দক্ষিণ আফ্রিকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আসন্ন বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ (WTC) ফাইনালে অস্ট্রেলিয়ার বিপক্ষে লর্ডসে মুখোমুখি হতে যাওয়া দক্ষিণ আফ্রিকা দল তাদের স্কোয়াড ঘোষণা করেছে। অধিনায়কত্ব করবেন টেম্বা বাভুমা, আর দলের পেস আক্রমণ সামলাবেন কাগিসো রাবাদা, যিনি সম্প্রতি ডোপ টেস্টে ব্যর্থ হয়ে এক মাসের নিষেধাজ্ঞা শেষে দলে ফিরেছেন।
রাবাদা ছাড়াও স্কোয়াডে আছেন লুঙ্গি এনগিদি, ডেন প্যাটারসন, মার্কো ইয়ানসেন, করবিন বশ ও উইয়ান মুলডার, যাদের নিয়ে গড়া হয়েছে ছয় পেসারের শক্তিশালী লাইনআপ।
চোট ও অন্যান্য কারণে বাদ পড়েছেন আনরিখ নোরকিয়া, জেরাল্ড কোটজি, নান্দ্রে বার্গার ও কুয়েনা মাফাকা। স্কোয়াডে স্পিনার হিসেবে আছেন কেশব মহারাজ ও অলরাউন্ডার সেনুরান মুথুসামি।
ব্যাটিং বিভাগে অভিজ্ঞ এইডেন মার্করাম ওপেন করতে পারেন টনি ডি জর্জি বা রায়ান রিকেলটনের সঙ্গে। তিনে থাকতে পারেন ট্রিস্টান স্টাবস, আর চার নম্বরে থাকবেন অধিনায়ক বাভুমা। চোট কাটিয়ে ফেরা ডেভিড বেডিংহ্যামের জায়গা নিয়ে রয়েছে প্রশ্ন। উইকেটরক্ষক হিসেবে থাকছেন কাইল ভেরেইনে।
দলটি ৩১ মে ইংল্যান্ডে যাবে। এর আগে আইপিএলের শেষপর্যন্ত খেলা কতজন অস্ট্রেলীয় খেলোয়াড় অংশ নেবেন, তা এখনো নিশ্চিত নয়। আইপিএলের জন্য ক্রিকেটারদের দেওয়া এনওসি ২৫ মে পর্যন্ত কার্যকর। ৩ জুন জিম্বাবুয়ের বিপক্ষে চার দিনের প্রস্তুতি ম্যাচ খেলবে দক্ষিণ আফ্রিকা।
দক্ষিণ আফ্রিকার স্কোয়াড: টেম্বা বাভুমা (অধিনায়ক), ডেভিড বেডিংহাম, করবিন বোশ, টনি ডি জর্জি, মার্কো ইয়ানসেন, কেশব মহারাজ, আইডেন মার্করাম, ওয়ান মুলদার, সেনুরান মুতুসামি, লুঙ্গি এনগিদি, ডেন প্যাটারসন, কাগিসো রাবাদা, রায়ান রিকেল্টন, ত্রিস্তান স্টিলেব এবং কাইল ভেরেন।

## আনচেলোত্তির নেতৃত্বে ‘হেক্সা’ দেখছেন রিভালদো

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



ব্রাজিলের কোচ বিদেশি হোক চান না সেলেসাওদের সাবেক কিংবদন্তি রিভালদো। এমনটা অনেকবারই অকপটে জানিয়েছেন তিনি। তবে কার্লো আনচেলোত্তির বিষয়ে একটু নরম ছিলেন তিনি। আনুষ্ঠানিক ঘোষণার আগে তিনি জানিয়েছিলেন, তাকে পেলে ব্রাজিলের ভালোই হবে।
গতকাল আনচেলোত্তি কোচ হওয়ার ঘোষণা আসার পর এবার তাকে অভিনন্দন জানিয়েছেন রিভালদো। ইতালিয়ান কোচের প্রশংসা করেই থামেননি, তার অধীনে ‘হেক্সার’ অপেক্ষা ফুরাবে বলে জানিয়েছেন বিশ্বকাপজয়ী ফরোয়ার্ড।
সর্বশেষ ২০০২ সালে বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয় ব্রাজিল। সেই দলের অংশ ছিলেন রিভালদোও।
এরপর আর কখনো জেতা হয়নি। এবার আনচেলোত্তির অধীনে ঘুচবে জানিয়ে তিনি বলেছেন, ‘ইউরোপ-ব্রাজিলে খেলা ফুটবলারদের নিয়ে একটি শক্তিশালী এবং ভারসাম্যপূর্ণ দল দাঁড় করাতে পারেন আনচেলত্তি। সমর্থনের সঙ্গে জাতীয় দল নিয়ে ভালোভাবে বিশ্লেষণের সময় পেলে ব্রাজিলের ষষ্ঠ বিশ্বকাপের দীর্ঘ অপেক্ষার অবসান তার নেতৃত্বেই হতে পারে। দুর্দান্ত চ্যালেঞ্জের জন্য তাকে শুভকামনা জানাচ্ছি।’
আনচেলত্তিকে কোচের দায়িত্ব দেওয়ার বিষয়ে রিভালদো বলেছেন, ‘অন্তত সেরাদের একজনকে বেছে নিয়েছে তারা। একজন সফল কোচ, এসি মিলানে তার অধীনে খেলার সুযোগ হয়েছিল আমার। যে ক্লাবের দায়িত্বে ছিলেন সেখানেই জিতেছেন। যদিও বিশ্বকাপের আগে আনচেলত্তির হাতে সময় খুব কম, তবে দুর্দান্ত কাজ করার সম্ভাবনা আছে তার।’

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR